আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.৯৯.০০৬.২০- ১৬

তারিখ: ০৫ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত গৃহ হস্তান্তর/ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষে **"বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না"**- মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমের প্রাথমিক পর্যায়ে মাননীয় প্রধানমন্ত্রী আগামী **২৩ জানুয়ারি ২০২১ তারিখ, শনিবার সকাল ১০:৩০ ঘটিকায়** একসাথে ৬৬ হাজার ১ শত ৮৯ ভূমিহীন ও গৃহহীন উপকারভোগী পরিবারের নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রম ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুভ উদ্বোধন করবেন। উক্ত উদ্বোধন অনুষ্ঠানে ৬৪ জেলার সকল উপজেলা পরিষদসমূহে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে গণভবনের সঙ্গে সংযুক্ত থাকবে।

এ কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে **মাননীয় সংসদ সদস্য, ভোলা-২ আলহাজ আলী আজম (মুকুল)** এবং উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, জনপ্রতিনিধি, উপকারভোগী ও সুধীজনের উপস্থিতিতে **সকাল ০৯:৩০ ঘটিকা** হতে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে; যা সকাল ১০:৩০ ঘটিকার পূর্বে সমাপ্ত হবে। অতঃপর মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান সমাপ্ত হলে উপকারভোগীদের নিকট **কবুলিয়ত দলিল, নামজারি এবং গৃহ প্রদানের সনদ সম্বলিত ফোল্ডার** হস্তান্তর করা হবে।

এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে আগামী **২৩ জানুয়ারি ২০২১** তারিখ উপজেলা পরিষদ মিলনায়তন, বোরহানউদ্দিন, ভোলা এ সকাল ০৯:৩০ ঘটিকায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৯/০১/২০২১

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।
☏০৪৯২২-৫৬১০৩
০৪৯২২-৫৬১১০
✉unoborhanuddin@mopa.gov.bd

**প্রাপক:**
.......................................................
.......................................................
.......................................................

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১. মাননীয় সংসদ সদস্য, ভোলা-২ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিম, ভোলা।
৪. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৬. সহকারী কমিশনার (ভূমি), বোরহানউদ্দিন, ভোলা।
৭. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা, ভোলা।
৮. উপজেলা প্রকৌশলী, বোরহানউদ্দিন, ভোলা।
৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বোরহানউদ্দিন, ভোলা (ভিডিও কনফারেন্সিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান, কাচিয়া/কুতুবা ইউপি, বোরহানউদ্দিন, ভোলা (উপকারভোগীদের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
১২. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব/রিপোর্টার্স ইউনিটি/বোরহানউদ্দিন শাহবাজপুর প্রেস ক্লাব/সাংবাদিক ইউনিয়ন/ জার্নালিস্ট অ্যাসোসিয়েশন/ অনলাইন প্রেস ক্লাব, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।